দারুণ অগ্নিবাণে রে   হৃদয় তৃষায় হানে রে ॥
    রজনী নিদ্রাহীন,   দীর্ঘ দগ্ধ দিন
        আরাম নাহি যে জানে রে ॥
    শুষ্ক কাননশাখে   ক্লান্ত কপোত ডাকে
        করুণ কাতর গানে রে ॥
ভয় নাহি, ভয় নাহি ।   গগনে রয়েছি চাহি ।
    জানি ঝঞ্ঝার বেশে   দিবে দেখা তুমি এসে
        একদা তাপিত প্রাণে রে ॥

---

Parjaay: Prakriti / Grisma, Taal: Kaharwa, Raag: Brindavani Sarang

Visit www.geetabitan.com for notation and other detail